দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।

টেলিফোনঃ 02-589924465(Awdm)
ই-মেইল-dpbsone@gmail.com
ওয়েব সাইটঃ www.pbs1.dinajpur.gov.bd

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.২৭৬৪.৫১৮.০২.০৮.২৩. ৪৪৮৫

তারিখঃ ১০ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুলাই '২০২৩ খ্রিষ্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জন্য নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য নিম্নলিখিত শর্তানুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার(চুঃভিঃ) গণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নঃ	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১।	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো- ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা/সার্কুলার/সর্বশেষ কর্মরত পবিস কর্তৃক প্রদত্ত বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	১।**বয়সসীমা:** প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৫২ (বায়ান্ন) বছর (১৪/০৮/২০২৩ খ্রি: তারিখে অর্থাৎ দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখে) হতে হবে। সর্বোচ্চ ৩ চুক্তি (৩+৩+৩)=৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটা আগে আসে) চাকুরী করতে পারবেন। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ যোগ্য নয়। ২। **অভিজ্ঞতা:** আগ্রহী প্রার্থী মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)পদে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে ০৩(তিন) বছর/০৬ (ছয়)বছর/০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ৩। **অন্যান্য যোগ্যতা:** (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, ব্যক্তিত্ব সম্পন্ন সুঠামদেহী ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) নির্বাচিত প্রার্থীর চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। (ঘ) কর্মমূল্যায়ন সন্তোষজনক হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অত:পর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৩ চুক্তি (৩+৩+৩)= ০৯(নয়) বছর কর্মকাল বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। **কিন্তু কোন অবস্থাতেই চাকুরীর বয়সসীমা ৫৫ বছরের বেশি হবে না।**

শর্তাবলীঃ

০১। **আবেদন পত্র পুরণ ও জমাদানঃ** দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর **ওয়েবসাইট www.pbs1.dinajpur.gov.bd** হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজ কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী **১৪/০৮/২০২৩ খ্রিঃ** তারিখের মধ্যে অফিস চলাকালীন সিনিয়র জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর বরাবর ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে প্রেরণ করতে হবে। **বিলম্বে প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদনপত্র এবং অত্র পবিসের ওয়েব সাইট (www.pbs1.dinajpur.gov.bd) হতে ডাউনলোডকৃত নির্ধারিত ফরম ব্যতিত অন্য কোন ফরম বা সাদা কাগজে লিখিত আবেদন গ্রহণ করা হবে না।**

০২। **আবেদন পত্রের সাথে নিম্মোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) আবেদন পত্রের নির্ধারিত স্থানে ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযোজন করতে হবে;
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র:
ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত " অভিজ্ঞতা সনদ পত্র/ প্রত্যয়ন পত্র" যা অবশ্যই এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **নিয়োগ পদ্ধতি :** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। একাধিক পবিস এ চাকুরী সম্পন্ন প্রার্থীগণকে অবশ্যই একাধিক পবিস এর চাকুরীর অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

০৪। **জ্যেষ্ঠতা নির্ধারণঃ** জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২ নভেম্বর' ২০১৮ খ্রিষ্টাব্দ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

০৫। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) **দিনাজপুর জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। এছাড়া যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।**

(গ) অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকের স্বামী/স্ত্রীর রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নেই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম ম্যাসেঞ্জার যদি অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন তা হলে তিনি এই নীতিমালার আওতায় অত্র পবিস এ নিয়োগের সুযোগ পাবেন না।

(ঙ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে যারা বর্তমানে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার পদে কর্মরত আছেন এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে চলমান চুক্তির মেয়াদ ০৩(তিন) মাসের অধিক তারা আবেদন করতে পারবেন না।

(চ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে যা কখনো কোন ক্রমেই নিয়মিত হবে না।

(ছ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম- ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষণিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

(জ) দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগপ্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগ হলেও পরবর্তীতে তাহা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ঝ) কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তাঁর বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত/অপসারণসহ প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঞ) ইতিমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

(ট) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঠ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ড) আবেদন গ্রহণ, বাছাই, বাতিল এবং অনিবার্য কারণবশতঃ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা (বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------পবিস-১/২/৩/৪।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৭। ডিজিএম(সদর দপ্তর-কারিগরী/বীরগঞ্জ/রানীরবন্দর/বিরল/চিরিরবন্দর জোনাল অফিস, দিপবিস-১।
০৮। এজিএম(ওএন্ডএম) কাহারোল/বোচাগঞ্জ/গোদাগাড়ী/ খানসামা সাব-জোনাল অফিস, দিপবিস-১ ।
০৯। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি), দিপবিস-১।
১০। নোটিশ বোর্ড।
১১। অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

ফরম নং- পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ২৭-০৪-২০১৪খ্রিঃ

ISO 9001:2015 Certified

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুঃভিঃ) পদে নিয়োগ/ প্যানেল তৈরির জন্য আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পুরণ করতে হবে)

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ ★ তাং ★ দিনাজপুর

পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
উত্তর গোবিন্দপুর, দিনাজপুর

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ....

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ....

৩. পদের ধরণ ....

৪. প্রকাশনার তারিখ ....

৫. আবেদনকারীর পুর্ণ নাম (বাংলায়) .... (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৬. জন্ম তারিখ(জাতীয় পরিচয় পত্র/নিবন্ধন অনুযায়ী) .... (দিন/মাস/বছর)

৭. মাতার নাম ....

৮. বয়স (১৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখে) ....

০৯. পিতার নাম ....

১০. ধর্ম ....

১১. জাতীয়তা ....

১২. নিজ জেলা ....

১৩. টেলিফোন/ মোবাইল নম্বর ....

১৪. বৈবাহিক অবস্থা টিক চিহ্ন (√)দিন

	বিবাহিত		অবিবাহিত

১৫. মুক্তিযোদ্ধা কোটায় সম্পৃক্ত থাকলে নীচের বক্সের সংশ্লিষ্ট স্থানে টিক চিহ্ন (√) দিন ঃ

	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা		*মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা*

১৬. স্থায়ী ঠিকানাঃ

....
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৭. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

....
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেণী	সার্টিফিকেট অর্জনের বছর

১৯. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

পবিসের নাম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ	চাকুরী পরিত্যাগের কারণ	চাকুরীকাল (বছর)

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

--------------------------------   --

তারিখ   আবেদনকারীর স্বাক্ষর